ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২য় পরিষদের ৯ম কর্পোরেশন সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ আতিকুল ইসলাম, মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : ২০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ \|\| ০৫ ডিসেম্বর ২০২১ |
| সময় | : সকাল ১১.৩০ টা |
| স্থান | : হলরুম, ৬ষ্ঠ তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২ |

সভায় উপস্থিতির তালিকা **পরিশিষ্ট "ক"**

পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। কোরআন তেলাওয়াত করেন ২২নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ লিয়াকত আলী।
সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর ও কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। অতপর তিনি বলেন আমরা ভাগ্যবান, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালন করতে পারছি। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে ১লা ডিসেম্বর ২০২১ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ পর্যন্ত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সার্বিক সহযোগিতায় "বিজয়ের ৫০ বছর লাল সবুজের মহোৎসব" অনুষ্ঠান সর্বমহলে প্রশংসিত হচ্ছে। বিশেষ করে অনুষ্ঠানের আমন্ত্রণপত্রের (পাসপোর্ট কনসেপ্ট) সকলে প্রশংসা করছেন। তিনি বলেন লন্ডনে অনুষ্ঠিত বিজনেস সামিটে সকল সিটি কর্পোরেশনকে মাননীয় প্রধানমন্ত্রী স্বনির্ভর হওয়ার নির্দেশনা প্রদান করেছেন। সরকারের উপর নির্ভরতা কমাতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন মার্কেট ও স্থাপনাসমূহ সিটি বন্ডের মাধ্যমে নির্মাণের জন্য প্রস্তাব করেন। সরকারের রূপকল্প ২০৪১ সালের সাথে সমন্বয় করতে গুলশান, কারওয়ান বাজার, মোহাম্মদপুর মার্কেট আধুনিক প্রযুক্তিতে উন্নয়ন করতে হবে।

বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন প্রকল্প বাস্তবায়ন করতে যাচ্ছে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ইতোমধ্যে এ সংক্রান্ত চুক্তি স্বাক্ষরিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী এ প্রকল্পকে স্বাগত জানিয়েছেন। বিদ্যুৎ প্রতিমন্ত্রী এ প্রকল্প সম্পর্কে "বিজয়ের মাসে নতুন বিজয় এনে দিয়েছে ডিএনসিসি" মতামত ব্যক্ত করেছেন মর্মে সভাপতি সভাকে জানান।

তিনি বলেন, বর্জ্য ব্যবস্থাপনা কাজে নিয়োজিত গাড়ির চালকের সংকট। মন্ত্রণালয় কর্তৃক ৪৭ (সাতচল্লিশ) জন ড্রাইভার (ভারী) এর অনুমোদন দেয়া হয়েছে। ডিএনসিসি'তে গাড়ী চালক (ভারী) নিয়োগের জন্য বয়সসীমা ৩৫ পর্যন্ত বর্ধিত করার অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হবে। এছাড়াও পরিচ্ছন্ন কর্মীদের মধ্যে যারা গাড়ির লাইসেন্সধারী তাদেরকে চালক হিসেবে দায়িত্ব প্রদান করা হবে মর্মে সভাকে জানান। ডিএনসিসি'র গাড়ী চালকদের ১ বছর অন্তর অন্তর স্বাস্থ্য পরীক্ষা করা হবে বলে জানান।

রাজধানীর রামপুরায় গাড়ি দূর্ঘটনায় নিহত ছাত্র মাইনুদ্দিন এর বাবার জন্য একটি দোকানের ব্যবস্থা করে দেয়া হবে ডিএনসিসি'র পক্ষ থেকে।

তিনি বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় পোস্টার অপসারণ করতে হবে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজিব ওয়াজেদ জয়ের ছবি সম্বলিত পোস্টারে প্রচারকারীর শুধু নাম থাকবে, কোন ছবি থাকবে না মর্মে নির্দেশনা রয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন।

সভাপতি বলেন, নতুন অন্তর্ভূক্ত ১৮টি ওয়ার্ডের উন্নয়ন কার্যক্রমের উদ্বোধন খুব শীঘ্রই হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ১৮টি ওয়ার্ডের উন্নয়ন কার্যক্রমের উদ্বোধন করার সানুগ্রহ অনুমতি প্রদান করেছেন।

তিনি বলেন, ডিএনসিসি মেয়র কাপ ২০২১ এ দল পরিচালনার জন্য সাধারণ ওয়ার্ডের প্রত্যেক কাউন্সিলরগণের অনুকূলে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা এবং সংরক্ষিত আসনের প্রত্যেক কাউন্সিলরগণের অনুকূলে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ) হাজার টাকা বরাদ্দ প্রদান করা হবে।

সভাপতি বলেন, বিজয় দিবস-২০২১ উপলক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কাউন্সিলর কার্যালয়সহ প্রত্যেকটি কার্যালয়ে আলোকসজ্জা করা হবে। ডিএনসিসি আলোকসজ্জার জন্য বিশেষ বরাদ্দ প্রদান করবে। ডিএনসিসি'র আওতাধীন মার্কেট ও বাস টার্মিনাল নিজ উদ্যোগে আলোকসজ্জা করবে লিজপ্রাপ্ত কর্তৃপক্ষ।

সভাপতির অনুমতিক্রমে সভায় উপস্থিত বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব এস এম শফিকুর রহমান জানান যে, চলতি অর্থবছরে বিশেষ পরিচ্ছন্নতা কাজের জন্য ৫ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। বর্তমানে বিশেষ পরিচ্ছন্নতা কাজের আওতায় ঢাকা ওয়াসা হস্তান্তরিত (ডিএনসিসি) খাল সমূহ এবং বিশেষ প্রয়োজন ও পরিস্থিতি বিবেচনায় ময়লা-আবর্জনায় ভরপুর অন্যান্য জলাশয় পরিষ্কার করা হচ্ছে। ফলে বিশেষ পরিচ্ছন্নতা কাজের পরিধি বেড়ে যাওয়ায় উক্ত কাজের জন্য আগামী ০৪/০২/২০২২খ্রিঃ হতে বাৎসরিক নতুন ঠিকাদার নিয়োগের লক্ষ্যে অঞ্চল-২,৪ এর ৮,৫১,৬৫,০০০/-, অঞ্চল ৩,৫ এর ৭,১৬,৬০,০০০/- সহ ১৫,৬৮,২৫,০০০/- টাকার প্রাক্কলন করা হয়। অঞ্চল ৩,৫ এর ভেরিয়েশন কাজের ৫১,৩৮,৬১২/-টাকা সমতে উল্লেখিত অঞ্চলের ২টি প্যাকেজে ঠিকাদার নিয়োগের লক্ষ্যে ১৬,১৯,৬৩,৬১২/-টাকার আর্থিক ও প্রশাসনিক অনুমোদনের জন্য স্মারক নং ৪৬.১০.০০০০.০৪৯.৯৯.৪৫৩.২১ তারিখ ১০/১১/২১ পেশকৃত নথির মাধ্যমে ৩০/১১/২১খ্রি: ২০২১-২২ অর্থবছরে সংশ্লিষ্ট খাতে বরাদ্দ রাখা ৫ কোটি টাকা বাজেটের পুন: উপযোজনের মাধ্যমে বিশেষ পরিচ্ছন্নতা কাজ বাস্তবায়নের অনুমোদন পাওয়া যায়। তিনি আরো জানান যে, বাজেট উপযোজন প্রক্রিয়াগত ধাপটির বাস্তবায়ন সময় সাপেক্ষে বিবেচনায় স্বাধীনতার সুবর্ণ জয়ন্তি ও বিজয় দিবস উদযাপন সংলগ্ন প্যারেড গ্রাউন্ড ও রাষ্ট্রিয় বিশেষ অতিথী আগমন উপলক্ষ্যে অন্যান্য গুরুত্বপূর্ণ এলাকা/সড়কের বিশেষ পরিচ্ছন্নতা কাজের জন্য প্রস্তাবটি উক্ত স্থান সংশ্লিষ্ট অঞ্চলের মূল নথিতে প্রস্তাব করে মাননীয় মেয়র মহোদয়ের অনুমোদন নেয়া হয়। তিনি আরো জানান যে, অঞ্চল ২,৪ ও ৩,৫ এর বিশেষ পরিচ্ছন্নতার জন্য ঠিকাদার নিয়োগের প্রাক্কলিত ১৫,৬৮,২৫,০০০/- টাকার সংস্থানের জন্য অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির গত ০১/১২/২০২১ তারিখের সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সুপারিশ করা হয়।

ক। চলতি ২০২১-২২ অর্থবছরে ডিএনসিসি'র বাজেটে নগরীর বর্জ্য ব্যবস্থাপনা খাত ১৬ এর উপখাত ১৬.৩ ও ১৬.৬ এর মধ্যে সমন্বয় সাধন করা। অর্থাৎ 'খাল ও স্টর্ম ওয়াটার ড্রেন পরিষ্কারকরণ' উপখাতে এ বরাদ্দকৃত ২০.০০ কোটি টাকা হতে ১১.০০ কোটি টাকা ১৬.৩ এর 'বিশেষ পরিচ্ছন্নতা কার্যক্রম' উপখাতে বরাদ্দকৃত ৫.০০ কোটি টাকার সাথে যুক্ত করে বিশেষ পরিচ্ছন্নতা খাতের বাজেট ১৬.০০ কোটি টাকায় উন্নীত করণ।

খ। বাজেট পুনঃউপযোজনের মাধ্যমে চলতি অর্থবছরে বিশেষ পরিচ্ছন্নতা খাতের বাজেট ৫.০০ কোটির স্থলে ১৬.০০ কোটি এবং 'খাল ও স্টর্ম ওয়াটার ড্রেন পরিষ্কারকরণ' খাতে ২০.০০ কোটির স্থলে ৯.০০ কোটি টাকা বরাদ্দ রাখা।

এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সুপারিশের সাথে সর্বসম্মতিক্রমে একমত পোষন করেন।

অতপরঃ নিম্নরূপ এজেন্ডা ভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয়।

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১ | : | **বিগত কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ।** |
| আলোচনা | : | বিগত ২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখ অনুষ্ঠিত ২য় পরিষদের ৮ম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য |

| | | |
|---|---|---|
| | | অনুরোধ জানানো হয়।<br>কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণের বিষয়ে উপস্থিত সকলেই একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত | : | ২য় পরিষদের ৮ম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-২** | : | **২য় পরিষদের ৮ম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি।** |
| আলোচনা | : | বিগত ২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখ অনুষ্ঠিত ২য় পরিষদের ৮ম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় উপস্থাপন করা হয় এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাকে আহ্বান জানানো হয়। |
| সিদ্ধান্ত | : | বিগত ২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখ অনুষ্ঠিত ২য় পরিষদের ৮ম কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | বিভাগীয় প্রধান (সকল)/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৩** | : | **ডিএনসিসি'র সেবার মান সমুন্নত রাখতে ৭৫ (পঁচাত্তর) জন কর্মকর্তা-কর্মচারীকে সমপদে সমস্কেলে (সমগ্রেডে পদ সৃজিত না থাকলে তদ্দনিম্ন পদে) শূন্য পদে নিয়োজিতকরণ সংক্রান্ত।** |
| আলোচনা | : | সচিব সভাকে অবহিত করেন যে, ঢাকা সিটি কর্পোরেশন বিভক্ত হয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন গঠিত হওয়ার পর স্থানীয় সরকার বিভাগের ০৫/০৪/২০১৬খ্রিঃ তারিখের ৪৬. ০০. ০০০০. ০৭০. ২৮. ৩৬৪. ১৫ – ৩১১নং স্মারক মোতাবেক অবিভক্ত ডিসিসি'র ৩২ ক্যাটাগরীর পদ বিলুপ্ত বা উদ্বৃত্ত ঘোষণা ব্যতিরেকেই ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১৮৫৮ জনবল সম্বলিত অনুমোদিত সাংগঠনিক কাঠামো, ২০১৬ জারি করা হয়। যাতে তৎসময়ে ১০৫ জন কমকর্তা/কর্মচারী কর্মরত ছিলেন। অবসর গ্রহণ/ মৃত্যুবরণের পর বর্তমানে ৭৫ (পঁচাত্তর) জন কর্মকর্তা/কর্মচারী ডিএনসিসিতে কর্মরত আছেন।<br><br>বর্তমানে ডিএনসিসি'তে বর্ধিত অঞ্চলসহ মোট ২৫৬৯ টি সাংগঠনিক কাঠামোভুক্ত পদের বিপরীতে ৭২২ জন কর্মরত আছে এবং ১৮৪৭ টি পদ শূন্য রয়েছে। জনবলের এ সংকটে নগরবাসীর কাঙ্ক্ষিত সেবাদান মারাত্মকভাবে ব্যহত হচ্ছে। নতুন নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে কিন্তু তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল এবং সময়সাপেক্ষ। বর্ণিত কর্মচারীগণ ডিএনসিসিতে স্থায়ী কর্মচারী হিসেবে কর্মরত থেকে জনস্বার্থে দীর্ঘ দিন যাবত কাজ করে যাচ্ছে। রেকর্ডদৃষ্টে দেখা যায়, আলোচ্য ৭৫ (পঁচাত্তর) জন কর্মকর্তা/কর্মচারীদের সমগ্রেডের পদ বিভিন্ন বিভাগে শূন্য রয়েছে। এ অবস্থায়, বর্ণিত কর্মচারীদের সাংগঠনিক কাঠামো, ২০১৬ ভুক্ত সমপদে সমগ্রেডে নিয়োজিতকরণ করা হলে কর্পোরেশনের সেবার মান বৃদ্ধি পাবে। সে মতে আলোচ্য ৭৫ (পঁচাত্তর) জন কর্মকর্তা/কর্মচারীদের ডিএনসিসিতে নিয়োজিতকরণ সংক্রান্তে গত ১৬/০৯/২০২১ খ্রিঃ তারিখে 'অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি'র সভা অনুষ্ঠিত হয়। সভায় 'অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি' কর্তৃক নিম্নরূপ সুপারিশ করা হয়ঃ<br><br>• আলোচ্য ৭৫ (পঁচাত্তর) জন কর্মকর্তা/কর্মচারীর মধ্যে ৫৪ জন কে সাংগঠনিক কাঠামো, ২০১৬ মোতাবেক সমপদে সমস্কেলে নিয়োজিতকরণের প্রস্তাব।<br><br>• সাংগঠনিক কাঠামো, ২০১৬ তে ১৯তম গ্রেডের কোন পদ সৃজিত না হওয়ায় উক্ত গ্রেডের বাকি ২১ জন কর্মচারীকে তদ্দনিম্ন ২০তম গ্রেডের শূন্য পদে নিয়োজিতকরণের লক্ষ্যে তাদের নিকট হতে সম্মতিপত্র গ্রহণ এবং এরূপ সম্মতিপত্র না দেয়া কর্মচারী তাঁর বর্তমান |

| | | |
|---|---|---|
| | | অবস্থাতেই ডিএনসিসি'তে কর্মরত থাকতে ইচ্ছুক মর্মে প্রতীয়মান হওয়ার প্রস্তাব।<br><br>• ডিএনসিসি'র নিয়োগকারী কর্তৃপক্ষ মাননীয় মেয়র কর্পোরেশন সভার অনুমোদন সাপেক্ষে আলোচ্য ৭৫ (পঁচাত্তর) জন কর্মকর্তা/কর্মচারীকে সমপদে সমস্কেলে (সমগ্রেডে পদ সৃজিত না থাকলে তদ্দনিম্ন পদে) নিয়োজিতকরণের যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক স্থানীয় সরকার বিভাগ'কে অবহিত করা।<br><br>বিস্তারিত আলোচনা শেষে, ৭৫ (পঁচাত্তর) জন কর্মকর্তা/কর্মচারীকে সমপদে সমস্কেলে (সমগ্রেডে পদ সৃজিত না থাকলে তদ্দনিম্ন পদে) নিয়োজিতকরণের যথাযথ ব্যবস্থাগ্রহণপূর্বক স্থানীয় সরকার বিভাগে অবহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| সিদ্ধান্ত | : | **ডিএনসিসি'র সেবার মান সমুন্নত রাখতে ৭৫ (পঁচাত্তর) জন কর্মকর্তা-কর্মচারীকে সমপদে সমস্কেলে (সমগ্রেডে পদ সৃজিত না থাকলে তদ্দনিম্ন পদে) শূন্য পদে নিয়োজিতকরণের যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক স্থানীয় সরকার বিভাগে অবহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।** |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৪** | : | **ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের স্থায়ী কোন কর্মকর্তা/কর্মচারী চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করিলে বা গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষম হলে স্থায়ী কর্মচারী বা তার উত্তরাধিকারীর অনুকূলে আর্থিক সহায়তা প্রদান।** |
| আলোচনা | : | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২৩/১১/২০১৬ তারিখে ১ম পরিষদের ১২ তম কর্পোরেশন সভায় আলোচ্য সূচির ক্রমিক নং ১৩ সিদ্ধান্ত মোতাবেক ১ জুলাই, ২০১৬ খ্রিঃ হতে ধারাবাহিকভাবে ডিএনসিসি'র স্থায়ী কোন কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করলে তাঁর পরিবারের সদস্যদেরকে আর্থিক সহায়তা ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা এবং গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষম হলে আর্থিক সহায়তার পরিমাণ ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা এবং চাকরিরত অবস্থায় কোন স্থায়ী কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করিলে তাঁর পরিবারের সদস্যদেরকে দাফন-কাফন এর জন্য ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ডিএনসিসি'র নিজস্ব তহবিল হতে আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থাপন করেন।<br><br>বিস্তারিত আলোচনান্তে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কোন স্থায়ী কর্মকর্তা/কর্মচারী চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে বা গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষম হলে স্থায়ী কর্মকর্তা/কর্মচারী বা তার উত্তরাধিকারীর অনুকূলে আর্থিক সহায়তা প্রদানের বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| সিদ্ধান্ত | : | ১ জুলাই, ২০১৬ খ্রিঃ হতে ধারাবাহিকভাবে ডিএনসিসি'র কোন স্থায়ী কর্মকর্তা/কর্মচারী চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করিলে তাঁর পরিবারের সদস্যদেরকে আর্থিক সহায়তা ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা এবং গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষম হলে আর্থিক সহায়তার পরিমাণ ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা এবং চাকরিরত অবস্থায় কোন স্থায়ী কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করলে তাঁর পরিবারের সদস্যদেরকে দাফন-কাফন এর জন্য ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ডিএনসিসি'র নিজস্ব তহবিল হতে আর্থিক সহায়তা প্রদানের বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৫** | : | **অগ্রিম সমন্বয় প্রসংগে।** |
| আলোচনা | : | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা সভাকে জানান যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের জনগুরুত্বপূর্ণ বিভিন্ন সেবা প্রদানের লক্ষ্যে সম্মানিত কাউন্সিলর/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা/বিভাগ/সংশ্লিষ্ট কর্মকর্তার |

| | | |
|---|---|---|
| | | অনুকূলে কর্তৃপক্ষ অগ্রিম বরাদ্দ প্রদান করে থাকে। অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রদত্ত অগ্রিম কার্য সম্পাদনের দুই মাসের মধ্যে অথবা আর্থিক বছরের ৩০ জুনের মধ্যে সমন্বয় এবং অব্যয়িত অর্থ চালানের মাধ্যেমে কর্পোরেশন তহবিলে জমার বিধান রয়েছে।<br>সে মোতাবেক বিগত সময়ের সংশ্লিষ্ট সকলের অসমন্বিত অগ্রিম আগামী ৩ (তিন) মাসের মধ্যে সমন্বয়ের পদক্ষেপ নেয়ার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় উপস্থাপন করেন। |
| সিদ্ধান্ত | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের জনগুরুত্বপূর্ণ বিভিন্ন সেবা প্রদানের লক্ষ্যে সম্মানিত কাউন্সিলর/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা/বিভাগ/সংশ্লিষ্ট কর্মকর্তার অনুকূলে কর্তৃপক্ষ কর্তৃক অগ্রিম বরাদ্দকৃত টাকা আগামী ৩ (তিন) মাসের মধ্যে সমন্বয়ের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | বিভাগীয় প্রধান, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| আলোচ্যসূচি-৬ | : | **বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন প্রকল্প।** |
|---|---|---|
| আলোচনা | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন প্লান্ট স্থাপন হলে যে সকল সুবিধা পাওয়া যাবে তা তিনি তুলে ধরেন। তিনি বলেন বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়ন তথা বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন প্লান্ট স্থাপনের মাধ্যমে ভূমির উপর চাপ কমানো, বর্জ্যে কার্বন নি:সরণের পরিমান হ্রাসকরণ তথা গ্রীন হাইজ গ্যাস নিয়ন্ত্রণ, বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন প্লান্ট স্থাপনের মাধ্যমে ল্যান্ডফিলে বর্জ্যের পরিমান কমিয়ে বর্জ্যকে সম্পদে রুপান্তর করা হবে।<br><br>গত ১৫-মার্চ-২০২০ তারিখের ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১ম পরিষদের ৩৫ তম কর্পোরেশন সভায় Waste Supply Agreement ও Land Use Agreement দুইটি উপস্থাপনসহ সর্বসম্মতিক্রমে অনুমোদন নেয়া হয়। ৩০০০-৩২০০ টন বর্জ্যকে ইনসিনারেশন প্ল্যানের মাধ্যমে পুরিয়ে ৪২.৫ মেগা ওয়াট বিদ্যুৎ উৎপাদনের নিমিত্তে CMEC এর বাংলাদেশের SPV কোম্পানী WTE Power North Dhaka Private Limited এর সাথে ৪টি চুক্তি গত ০১/১২/২০২১ তারিখে অনুষ্ঠেয় Sigining Ceremony তে স্বাক্ষরিত হয়েছে।<br>Land Use Agreement এর আওতায় ডিএনসিসি বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে CMEC এর বাংলাদেশের SPV কোম্পানী WTE Power Plant North Dhaka Private Limited কে ইনসিনারেশন প্লান স্থাপনে ৩০.০০ একর ভূমি প্রদান করবে। CMEC এর বাংলাদেশের SPV কোম্পানী WTE Power Plant North Dhaka Private Limited ডিএনসিসিকে ৩০ (ত্রিশ) একর ভূমি ভাড়া বাবদ বার্ষিক ১,৯৬,০২০০০/- (এক কোটি ছিয়ানব্বই লক্ষ দুই  হাজার) টাকা; যা ছয় মাস অন্তর অন্তর দুইবারে পরিশোধ করবে। |
| সিদ্ধান্ত | : | বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন প্রকল্পটি চুক্তি অনুযায়ী যথাযথভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| আলোচ্যসূচি-৭ | : | **রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থানের সংরক্ষিত এলাকায় দাফনকৃত মরহমা শামীম আরা এর কবরটি ২৫ বছর মেয়াদে বিনামূল্যে  সংরক্ষণ করার জন্য আবেদন।** |
|---|---|---|
| আলোচনা | : | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থানের সংরক্ষিত এলাকায় ২৬/০৭/২০২০ খ্রিঃ তারিখে দাফনকৃত মরহমা শামীম আরা |

| | | |
|---|---|---|
| | | এর কবরটি ২৫ বছর মেয়াদে বিনামূল্যে কবর সংরক্ষণ করার জন্য জনাব মোঃ নজরুল ইসলাম খান, অতিরিক্ত সচিব (অবঃ), বাড়ী-২৯, ফ্ল্যাট –এ-৫, সড়ক-৬, ধানমন্ডি, ঢাকা কর্তৃক আবেদন করা হয়েছে।<br><br>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন কবরস্থানসমূহের কবর মেয়াদী সংরক্ষণ ও পাকা করার অনুমতি প্রদান সংক্রান্ত কমিটির গত ২৯ জুন ২০২১ তারিখের সভায় রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থানের সংরক্ষিত এলাকায় ২৬/০৭/২০২০ খ্রিঃ তারিখে দাফনকৃত মরহুমা শামীম আরা এর কবরটি ২৫ বছর মেয়াদে বিনামূল্যে কবর সংরক্ষণ করার জন্য কর্পোরেশন সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| সিদ্ধান্ত | : | রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থানের সংরক্ষিত এলাকায় ২৬/০৭/২০২০ খ্রিঃ তারিখে দাফনকৃত মরহুমা শামীম আরা এর কবরটি ২৫ বছর মেয়াদে বিনামূল্যে কবর সংরক্ষণ করার জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সমাজকল্যাণ ও বস্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৮** | : | **হাতিলঝিল সংলগ্ন ঝিলপাড় সড়ক ব-১ ,দক্ষিণ বাড্ডা, গুলশান, ঢাকা-১২১২ হতে মরিয়ম টাওয়ার পর্যন্ত সড়ক "প্যানেল মেয়র ওসমান গণি সড়ক" নামকরণ প্রসঙ্গে।** |
| আলোচনা | : | প্রধান নগর পরিকল্পনাবিদ সভাকে জানান যে, বিগত ২৮/১০/২০২১ তারিখ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সড়ক নামকরণ উপকমিটির সভায় হাতিরঝিল সংলগ্ন ঝিলপাড়া সড়ক ব-১, দক্ষিণ বাড্ডা, গুলশান, ঢাকা-১২১২ হতে মরিয়ম টাওয়ার পর্যন্ত সড়ক "প্যানেল মেয়র ওসমান গণি সড়ক" নামকরণের সুপারিশসহ কর্পোরেশন সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>জনাব মোঃ ওসমান গণি, কাউন্সিলর, ওয়ার্ড নং-২১ হিসেবে দায়িত্ব পালনকালে এলাকার অনেক উন্নয়নমূলক কর্মকান্ড বাস্তবায়ন করেছেন। তিনি এলাকার একজন জনপ্রিয় এবং জনদরদী নেতা ছিলেন। তাঁর নানামূখী উন্নয়ন কর্মকান্ড সমাজকে আলোকিত করেছে। বিগত ২২/০৯/২০১৮ খ্রিঃ তারিখে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২১নং ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়রের দায়িত্ব পালনরত অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। |
| সিদ্ধান্ত | : | হাতিরঝিল সংলগ্ন ঝিলপাড়া সড়ক ব-১, দক্ষিণ বাড্ডা, গুলশান, ঢাকা-১২১২ হতে মরিয়ম টাওয়ার পর্যন্ত সড়ক "প্যানেল মেয়র ওসমান গণি সড়ক" নামকরণের বিষয়টি স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান নগর পরিকল্পনাবিদ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-৯** | : | **মনিপুরী পাড়া ১নং গেট হতে শহীদ বদিউল আলম, বীর বিক্রম এর বাড়ী পর্যন্ত প্রধান সড়ক "বীর বিক্রম শহীদ বদিউল আলম সড়ক" নামকরণ।** |
| আলোচনা | : | প্রধান নগর পরিকল্পনাবিদ সভাকে জানান যে, বিগত ২৮/১০/২০২১ তারিখ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সড়ক নামকরণ উপকমিটির সভায় মনিপুরী পাড়া ১নং গেট হতে শহীদ বদিউল আলম, বীর বিক্রম এর বাড়ী পর্যন্ত প্রধান সড়ক "বীর বিক্রম শহীদ বদিউল আলম সড়ক" নামকরণের সুপারিশসহ কর্পোরেশন সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>জনাব শহীদ বদিউল আলমের জন্ম কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলার উত্তরপাড়া গ্রামে। তার মায়ের নাম রওশন আরা খানম এবং বাবার নাম আবদুল বারী।<br>শহীদ বদিউল আলম তেজগাঁও মনিপুরী পাড়ার একজন স্থায়ী বাসিন্দা ছিলেন। তিনি বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের বীর মুক্তিযোদ্ধা। মহান মুক্তিযুদ্ধের সময় একজন দুর্ধর্ষ যোদ্ধা হিসেবে সাহসিকতার |

| | | |
|---|---|---|
| | | সঙ্গে বিভিন্ন অপারেশনে অংশগ্রহণ করেন। তার মধ্যে ৮ আগস্ট, ১৯৭১ সালে ফার্মগেট চেক পয়েন্টের অপারেশন উল্লেখযোগ্য। মহান স্বাধীনতা যুদ্ধে তিনি শহীদ হন। স্বাধীনতা পরবর্তীতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মুক্তিযুদ্ধে অসামান্য বীরত্ব ও সাফল্যের স্বীকৃতি হিসেবে তাঁকে বীর বিক্রম খেতাবে ভূষিত করেন। |
| সিদ্ধান্ত | : | মনিপুরী পাড়া ১নং গেট হতে শহীদ বদিউল আলম, বীর বিক্রম এর বাড়ী পর্যন্ত প্রধান সড়ক "বীর বিক্রম শহীদ বদিউল আলম সড়ক" নামকরণের বিষয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান নগর পরিকল্পনাবিদ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | | | |
|---|---|---|---|---|
| আলোচ্যসূচি-১০ (বিবিধ) | : | | | |
| সিদ্ধান্ত | : | ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| | | ১. | ডিএনসিসি মেয়র কাপ-২০২১ ক্রীড়া প্রতিযোগীতায় ফুটবল, ক্রিকেট টিম পরিচালনার জন্য প্রত্যেক সাধারণ ওয়ার্ডের কাউন্সিলরদের ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা এবং ভলিবল টিম পরিচালনার জন্য সংরক্ষিত আসনের কাউন্সিলরগণের অনুকূলে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ডিএনসিসি'র পক্ষ হতে প্রদান করা হবে। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা |
| | | ২. | বিজয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষ্যে ওয়ার্ড কার্যালয়সমূহ আলোকসজ্জা করা হবে। আলোকসজ্জার ব্যয় ডিএনসিসি পক্ষ হতে প্রদান করা হবে। | সম্মানিত কাউন্সিলর (সকল)<br>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা |
| | | ৩. | বিজয় দিবস-২০২১ উদযাপনে ডিএনসিসি'র আওতাধীন মার্কেট ও বাস টার্মিনাল বরাদ্দপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক আলোকসজ্জার ব্যবস্থা করবে। | প্রধান সম্পত্তি কর্মকর্তা<br>প্রধান রাজস্ব কর্মকর্তা |
| | | ৪. | ডিএনসিসিতে গাড়ি চালক পদে নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ (পয়ত্রিশ) করার অনুমোদন নেয়ার জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | সচিব |
| | | ৫. | ডিএনসিসি'র সকল গাড়ি চালকদের ১ বছর অন্তর অন্তর স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা করা হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা<br>মহাব্যবস্থাপক (পরিবহন) |
| | | ৬. | ক। চলতি ২০২১-২২ অর্থবছরে ডিএনসিসি'র বাজেটে নগরীর বর্জ্য ব্যবস্থাপনা খাত ১৬ এর উপখাত ১৬.৩ ও ১৬.৬ এর মধ্যে সমন্বয় সাধন করা। অর্থাৎ 'খাল ও স্টর্ম ওয়াটার ড্রেন পরিষ্কারকরণ' উপখাতে এ বরাদ্দকৃত ২০.০০ কোটি টাকা হতে ১১.০০ কোটি টাকা ১৬.৩ এর 'বিশেষ পরিচ্ছন্নতা কার্যক্রম' উপখাতে বরাদ্দকৃত ৫.০০ কোটি টাকার সাথে যুক্ত করে বিশেষ পরিচ্ছন্নতা খাতের বাজেট ১৬.০০ | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা<br>প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | কোটি টাকায় উন্নীতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। <br><br> খ। বাজেট পুনঃউপযোজনের মাধ্যমে চলতি অর্থবছরে বিশেষ পরিচ্ছন্নতা খাতের বাজেট ৫.০০ কোটির স্থলে ১৬.০০ কোটি এবং 'খাল ও স্টর্ম ওয়াটার ড্রেন পরিষ্কারকরণ' খাতে ২০.০০ কোটির স্থলে ৯.০০ কোটি টাকা বরাদ্দ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আতিকুল ইসলাম
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি, কর্পোরেশন সভা

নং: ৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৩.২০-৩৫

তারিখ: ০৩ মাঘ ১৪২৮
২৭ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ........./সংরক্ষিত আসন নং ..........., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. বিভাগীয় প্রধান (সকল), .........................ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সচিব দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৬. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী ........................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. প্রকল্প পরিচালক, ........................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. নির্বাহী প্রকৌশলী, ........................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. কর কর্মকর্তা, ........................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১২. সহকারী স্বাস্থ্য কর্মকর্তা ........................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৩. সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ............................... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৪. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৫. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২, সাধারণ প্রশাসন শাখা ও প্রশিক্ষণ কোষ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৬. অফিস কপি।

২৭/০১/2022

মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক
সচিব
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।